আল্লাহর শপথ অবশ্যই আমি আমাকে বনী মুকাররিন গোত্রের সাত সদস্য বিশিষ্ট পরিবারের সপ্তম লোক হিসেবে দেখতে পাচ্ছি। আমাদের একজন গোলাম ব্যতীত অন্য কোনো গোলাম ছিল না। একদা আমাদের মধ্যকার সর্ব কনিষ্ঠ ব্যক্তি তাকে চপোটাঘাত করল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তখন আমাদেরকে নির্দেশ দিলেন তাকে আযাদ করে দিতে।

আবূ ‘আলী সুওয়ায়েদ ইবন মুকাররিন রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি (এক দেখলেন এক বৃদ্ধকে, যিনি তার চাকরকে চপোটাঘাত করেছেন তখন তিনি) বলেন, আল্লাহর শপথ অবশ্যই আমি আমাকে বনী মুকাররিন গোত্রের সাত সদস্য বিশিষ্ট পরিবারের সপ্তম লোক হিসেবে দেখতে পাচ্ছি। আমাদের একজন গোলাম ব্যতীত অন্য কোনো গোলাম ছিল না। একদা আমাদের মধ্যকার সর্ব কনিষ্ঠ ব্যক্তি তাকে চপোটাঘাত করল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তখন আমাদেরকে নির্দেশ দিলেন তাকে আযাদ করে দিতে। অন্য বর্ণনায় এসেছে, আমাদের সপ্তম ভাইটি।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

আবূ ‘আলী সুওয়ায়েদ ইবন মুকাররিন রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বনী মুকাররিন গোত্রের সাত সদস্য বিশিষ্ট সদস্যের একজন ছিলাম। তারা সকলেই হিজরতকারী সাহাবী ছিলেন। তাদের সাথে অন্য কেউ ছিল না। আমাদের সেবার জন্য একজন গোলাম ব্যতীত অন্য কোনো লোক ছিল না। একদা আমাদের মধ্যকার সর্ব কনিষ্ঠ ব্যক্তি তার গালে চপোটাঘাত করল। ফলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নির্দেশ দিলেন তাকে আযাদ করে দিতে; যাতে স্বাধীন করার মাধ্যমে তার প্রহারের কাফফারা হয়ে যায়।

http://sunnah.global/hadeeth/bn/show/8894